

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১, অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০৭.০১০.০০.০০.০০১.২০১৫/৩৪

তারিখঃ ৩০ মাঘ ১৪২৪
১২ ফেব্রুয়ারী ২০১৮

বিষয় : গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার গলনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আত্মীকরণকৃত শিক্ষকগণের বেতন ভাতা প্রদান প্রসঙ্গে।


উর্পর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর ২০১৬ তারিখের ৩৮.০০৭.০১৫.০০০.১৫.০০, ২০১৩-৪০২ স্মারকে ৮৫নং ক্রমিকের গলনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে ২য় ধাপে আত্মীকরণ করা হয়। শিক্ষকগণের আত্মীকরণ নিয়ে মহামান্য উচ্চ আদালতে রিট পিটিশন ১৫৫৫৪/১৬ দায়ের হয়। উক্ত রিট পিটিশনের আদেশে গত ১/১২/২০১৬ইং তারিখের গেজেটে প্রকাশিত শিক্ষকগণের নামের আত্মীকরণের অফিস আদেশ ৩ মাসের জন্য এবং পরবর্তীতে ৬ মাসের জন্য স্থগিত করা হয়। বিষয়টি তাঁকে জ্ঞাত করা হয়।

২। ১৫৫৫৪/২০১৬ নং রিট পিটিশন মামলার রায়ে মহামান্য উচ্চ আদালত নিম্নোক্ত রায় প্রদান করেন :

"Considering the facts and circumstances of the case, we direct the concerned court to dispose of the matter being other Suit No. 13, of 2013 expeditiously preferably within a period of 6 (six) months from the date of receipt of this judgment and order. **The praites are directed to maintain status-quo till conclusion of the suit being other suit No. 13 of 2013**".

৩। মহামান্য হাইকোর্ট চূড়ান্ত রায়ে স্থগিতাদেশের পরিবর্তে স্থিতিবস্থার আদেশ দেন। বর্ণিত অবস্থায় আত্মীকরণকৃত শিক্ষকগণ বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং অন্য কোন মামলায় আত্মীকরণের অফিস আদেশের উপর স্থগিতাদেশ না থাকলে শিক্ষকগণের বেতন ভাতা প্রদানে আইনগত কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


(পুলক রঞ্জন সাহা)
যুগ্মসচিব
ফোন- ৯৫১১০৭৩

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
গাইবান্ধা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হইল :

- ১। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কমপ্লেক্স, ঢাকা
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।